

তানযীমুল মাদারিসিল কাওমিয়া আল আরাবিয়া

কওমী মাদরাসা শিক্ষা বোর্ড

বৃহত্তর ময়মনসিংহ ও তৎপার্শ্ববর্তী অঞ্চল।

কেন্দ্রীয় দফতর : আল জামিয়াতুল ইমদাদিয়া, কিশোরগঞ্জ।

তানযীমুল মাদারিসের ব্যবস্থাপনায় ২৪তম ছাত্র বৃত্তি পরীক্ষা সম্পর্কীয় নীতিমালা

গত ৩০/১০/২০১৬ ইং তারিখে তানযীমের মজলিসে উমূমীর সভায় প্রতি মাদরাসার মীযান ও হেদায়াতুল্ নাহব এ দু'জামাতের প্রতি জামাতে ৫ (পাঁচ) জন করে দুই জামাতে সর্বোচ্চ মেধাবী মোট ১০ (দশ) জন ছাত্র বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তানযীমের ব্যবস্থাপনায় সমগ্র এলাকাকে ২টি জোনে বিভক্ত করে জামিয়া ইমদাদিয়া, কিশোরগঞ্জ ও জামিয়া ইসলামিয়া, ময়মনসিংহতে ২টি পরীক্ষা কেন্দ্র স্থাপন করতঃ পরীক্ষা গ্রহণ করার পূর্ব সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৯ ফেব্রুয়ারী/ ২০২৩ ইং রোজ রবিবার সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা এবং বিকাল ২ ঘটিকা হতে ৪-৩০ মিনিট পর্যন্ত বৃত্তি পরীক্ষা গৃহীত হবে।

তানযীমুল মাদারিসের অন্তর্ভুক্ত প্রতি মাদরাসা হতে উপরোল্লিখিত ২ জামাতের বৃত্তি পরীক্ষার্থী ৫+৫=১০ জন পরীক্ষার্থীর তথ্য আগামী ২২/০১/২০২৩ ইং রোজ রবিবারের মধ্যে তানযীমের কেন্দ্রীয় দফতরে পৌঁছাতে হবে।

* পরীক্ষার্থীদের যাতায়াত খরচ ও খানা নিজ দায়িত্বে থাকবে। পরীক্ষার ফি মীযান জামাতে জনপ্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং হেদায়াতুল্ নাহব জামাতে জনপ্রতি ৩০০/- (তিনশত) টাকা জমা দিতে হবে।

* প্রতি বৃত্তি পরীক্ষার জোনের মোট পরীক্ষার্থীর ২০% পারসেন পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদেরকে যথাক্রমে ১২০০/-, ১০০০/- ও ৮০০/- টাকা এককালীন বৃত্তি ও সনদ প্রদান করা হবে। অবশিষ্টদেরকে জনপ্রতি ২০০/- টাকা করে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে। তবে কোন বিষয়ে ৬০ নম্বরের কম পেলে বৃত্তি বা সান্ত্বনা পুরস্কার লাভের যোগ্য বলে বিবেচিত হবে না।

* এ পুরস্কার ছাত্রদের জন্য ২টি পরীক্ষা কেন্দ্রের উভয়টিতেই স্বতন্ত্রভাবে প্রযোজ্য হবে।

* ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর ও টাঙ্গাইল জেলাসমূহের জন্য জামিয়া ইসলামিয়া, ময়মনসিংহ এবং অন্যান্য সকল এলাকার জন্য আল জামিয়াতুল ইমদাদিয়া, কিশোরগঞ্জ পরীক্ষা কেন্দ্র হবে। তবে কোন মাদরাসা ইচ্ছা করলে নির্ধারিত পরীক্ষা কেন্দ্র পরিবর্তন করতে পারবে। তথ্য ফরমে কেন্দ্রের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

* বৃত্তি পরীক্ষায় বৃত্তি বা সান্ত্বনা পুরস্কার প্রাপ্ত পরীক্ষার্থীদেরকে নিজ নিজ মাদরাসায় ০১ (এক) বছরের ভর্তি ফি মওকুফ করার জন্য তানযীম কর্তৃক সুপারিশ করছে।

পরীক্ষার তারিখ : ১৯ ফেব্রুয়ারী/২০২৩ ইং রোজ রবিবার।

সময় : সকাল ৯ ঘটিকা হতে দুপুর ১২ ঘটিকা এবং বিকাল ২ ঘটিকা হতে ৪-৩০ মিনিট পর্যন্ত।

পরীক্ষার বিষয় : * মীযান জামাতের পরীক্ষার বিষয় : ছরফ ও আদব : (১) ميزان الصرف (২) باكورة الادب

* হেদায়াতুল্ নাহব জামাতের পরীক্ষার বিষয় : নাহব ও আদব : ১ - ২ (১) هداية النحو (২) القصص ج ১ - ২

পরীক্ষার ফি (ছাত্র প্রতি) : * মীযান জামাত : ২৫০/- টাকা।

* হেদায়াতুল্ নাহব জামাত : ৩০০/- টাকা।

প্রশ্নপত্রের ধরণ : প্রতি জামাতে প্রত্যেক বিষয়ে ৩ টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ৩ টি প্রশ্নেরই উত্তর দিতে হবে।

মান বন্টন : প্রতি জামাতে প্রত্যেক বিষয়ে মোট নম্বর ১০০, এর মধ্যে সুন্দর লেখা ও পরিচ্ছন্নতার জন্য ৪ নম্বর সংরক্ষিত।

* মাদরাসা কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীগণ মুহূর্তমিম সাহেবের তাসদীকনামাসহ পরীক্ষার দিন কেন্দ্রে উপস্থিত হয়ে প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

* পরীক্ষার ফলাফল রমযানের ১ম সপ্তাহে প্রকাশ করা হবে, ইনশাআল্লাহ।

* গত ১২/১১/২০০৮ ইং তারিখে অনুষ্ঠিত মজলিসে উমূমীর সভায় বৃত্তি পরীক্ষার্থী ছাত্রদের তথ্যফরম ও প্রবেশপত্রে ছবি ব্যবহারের সিদ্ধান্তগৃহীত হয়। তাই নির্ধারিত স্থানে প্রত্যেক পরীক্ষার্থীর ছবি লাগাতে হবে।

* নিচের রুটিন মোতাবেক পরীক্ষা গৃহীত হবে :

জামাত	সকাল - ০৯ - ১২ টা	বিকাল- ০২- ৪-৩০ মিনিট
মুতাঃ ছালেছ (হেদায়াতুল্ নাহব)	هداية النحو	قصص النبي ج ১ - ২
মুতাঃ আউয়াল (মীযান)	ميزان الصرف	باكورة الادب

বিঃ দ্র : পরীক্ষা কেন্দ্রের মাদরাসার বোর্ডিং- এ টাকার বিনিময়ে খানা পাওয়া যাবে। এর জন্যে আগেই যোগাযোগ করতে হবে।

الحقير ادراكه معذرة

(মাওঃ ইমদাদুল্লাহ)

নায়েমে ইমতেহান, তানযীমুল মাদারিস।